

## জাবি সিনেট | শিক্ষক প্রতিনিধি নির্বাচন ৭ ডিসেম্বর

জাবি প্রতিনিধি ▶

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সিনেটের শিক্ষক প্রতিনিধির নির্বাচনের তফসিল ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। নির্বাচনের তারিখ নির্ধারণ করা হয়েছে আগামী, ৭ ডিসেম্বর। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এই তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও রিটার্নিং অফিসার আবু বকর সিদ্দিক গতকাল সিনেটের শিক্ষক প্রতিনিধির নির্বাচনের

তফসিল ঘোষণা করেন। তফসিল অনুযায়ী সাময়িক ভোটার তালিকা প্রকাশ ১৬ নভেম্বর, ভোটারসংক্রান্ত আপত্তি দাখিলের শেষ সময় ১৮ নভেম্বর, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ২০ নভেম্বর, মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ২৩ নভেম্বর, মনোনয়নপত্র বাতাই ২৪ নভেম্বর, বিধি প্রণয়নের তারিখ প্রকাশ ২৫ নভেম্বর, প্রার্থী প্রত্যাহারের শেষ তারিখ ২৮ নভেম্বর এবং চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ৩০ নভেম্বর। যোজিত তারিখ ৭ ডিসেম্বর জাবি শিক্ষক-অফিসার

রুমের সকাল ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এ নির্বাচনের ভোট গ্রহণ হবে।

এদিকে গতকাল দুপুরে শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম আয়োজিত সংবাদ সম্মেলনে অধ্যাপক হানুফ আহমাদ বলেন, আচার্যের নির্দেশনা অনুযায়ী নির্বাচনের কথা বলা হলেও তিনি তার পদকে দীর্ঘায়িত করতে চাননি। সিনেটের মতো দীর্ঘমেয়াদি নির্বাচন নিচ্ছেন। তিন শিক্ষকের বিরুদ্ধে হাইকোর্ট রিট প্রত্যাহার করেননি। তিনি আচার্যের আদেশ অমান্য করেছেন।